



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

www.bb.org.bd



ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২৮

তারিখঃ ২৩ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
০৮ অক্টোবর, ২০২০ খ্রিষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**পৌরসভা/পৌরসভার মেয়র/ উপজেলা পরিষদের চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদসমূহের সাধারণ/উপনির্বাচন উপলক্ষে
১০ অক্টোবর ২০২০ তারিখ শনিবার সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় তফসিলি ব্যাংকের শাখা বন্ধ রাখা প্রসঙ্গে।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-৪ শাখা- এর ০৮/১০/২০২০ তারিখের প্রজ্ঞাপন নম্বর-
০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১২- ২৫৮ এ বর্ণিত এলাকাসমূহে নির্বাচন উপলক্ষে আগামী ১০ অক্টোবর, ২০২০ তারিখ
শনিবার নির্বাচনকালীন সাধারণ ছুটি ঘোষণা করায় এবং সাপ্তাহিক ছুটির দিন হওয়ায় নির্বাচনের দিন সংশ্লিষ্ট নির্বাচনি
এলাকায় (প্রজ্ঞাপন সংযুক্ত) অবস্থিত তফসিলি ব্যাংকসমূহের শাখা বিশেষ ব্যবস্থাস্থানেও খোলা রাখা যাবে না।

সংযুক্তি: ১

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নূরুল আমীন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.mopa.gov.bd

নম্বর - ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১২-২৫৮

তারিখ: ২৩ আশ্বিন ১৪২৭
০৮ অক্টোবর ২০২০

প্রজ্ঞাপন

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের চাহিদা মোতাবেক চাঁদপুর জেলার চাঁদপুর পৌরসভার সাধারণ নির্বাচন; জয়পুরহাট জেলার কালাই পৌরসভা ও সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর পৌরসভার মেয়রের শূন্য পদে উপনির্বাচন; ফরিদপুর জেলার চরভদ্রাসন উপজেলা পরিষদের চেয়ারম্যানের শূন্য পদের উপনির্বাচন এবং নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহের সাধারণ/উপনির্বাচন উপলক্ষ্যে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় ভোটগ্রহণের দিন অর্থাৎ ১০ অক্টোবর ২০২০ তারিখ শনিবার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে সাধারণ ছুটি ঘোষণা করা হলো।


(i) মেয়াদ উত্তীর্ণের কারণে স্থগিত ইউনিয়ন পরিষদ নির্বাচন :

ক্রমিক নং	জেলার নাম	উপজেলার নাম	ইউনিয়ন পরিষদ	পদের নাম
১.	চুয়াডাঙ্গা	দামুড়হুদা	নতিপোতা	চেয়ারম্যান, সংরক্ষিত
২.			নাটুদহ	ওয়ার্ডের সদস্য, সাধারণ ওয়ার্ডের সদস্য

(ii) স্থগিত বিভিন্ন ইউনিয়ন পরিষদের শূন্য চেয়ারম্যান পদে উপনির্বাচন :

ক্র. নং	জেলা	উপজেলা	ইউনিয়নের নাম	পদের নাম
১.	কুড়িগ্রাম	ভুরুশামারী	জয়মনিরহাট	চেয়ারম্যান
২.	গাইবান্ধা	সদর	সাহাপাড়া	চেয়ারম্যান
৩.	চাঁপাইনবাবগঞ্জ	শিবগঞ্জ	পাঁকা	চেয়ারম্যান
৪.	রাজশাহী	গোদাগাড়ী	মাটিকাটা	চেয়ারম্যান
৫.	জামালপুর	ইসলামপুর	নোয়ারপাড়া	চেয়ারম্যান
৬.	নরসিংদী	সদর	করিমপুর	চেয়ারম্যান
৭.	সুনামগঞ্জ	বিশ্বম্ভরপুর	সলুকাবাদ	চেয়ারম্যান
৮.	কুমিল্লা	চান্দিনা	বাতাঘাসী	চেয়ারম্যান

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)
উপসচিব

ফোন: ০২-৯৫১৪৪৯২

ই-মেইল: reg4@mopa.gov.bd

চলমান পাতা/০২